অংশগ্রহণমূলক, অবাধ-সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হবে: ইসি আহসান হাবিব

খুলনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত নির্বাচন কমিশনার (ইসি) বিগ্রেডিয়ার জেনারেল (অব.) আহসান হাবিব খান বলেছেন অংশগ্রহণমূলক, অবাধ-সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হবে।

তিনি বলেন, ভোটাররা নির্বিঘ্নে ভোট কেন্দ্রে যাবে এবং ভোট প্রদান করবে, সেই পরিবেশ সৃষ্টির দায়িত্ব আমাদের। যেখানে ঝামেলা আছে সেগুলো সমাধান করা হবে। প্রয়োজনে সেনাবাহিনী কাজ করবে এবং টহল দেবে। অংশগ্রহণমূলক, অবাধ-সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হবে। কেউ ঝামেলা করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। অসদাচরণের জন্য প্রার্থিতা বাতিল হতে পারে বলেও জানান তিনি।

আজ মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনী কর্মকর্তা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তা, গোয়েন্দা কর্মকর্তা ও প্রার্থীদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

নির্বাচন কমিশনার বলেন, নির্বাচন কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে, অনিয়ম করলে ছাড় নয়। ভোটকেন্দ্রের বাইরে কেউ ঝামেলা করলে পুলিশ অ্যাকশন নেবে। বিশৃঙ্খলা করার সুযোগ নেই, সেই সুযোগ আমরা দেব না। কোথাও অনিয়ম হলে সেই কেন্দ্রের ভোট বন্ধ হবে। তদন্ত সাপেক্ষে দায়িত্বরতদের সাসপেন্ড করা হবে, অ্যাকশন নেওয়া হবে। আমাদের কাছে কোনো ছাড় নেই। আমরা জিরো টলারেন্স মন্ত্রে বিশ্বাসী।

তিনি আরো বলেন, নতুন আইন করা হয়েছে, সাংবাদিকদের ক্যামেরা কেউ ভাঙচুর করলে দুই থেকে সাত বছরের জেল হবে। আমরা সাংবাদিকদের কার্যবান্ধব এবং সহযোগী হিসেবে রাখার জন্য সকল সুযোগ রেখেছি। সাংবাদিকরা স্বাধীনভাবে কাজ করবে। যখন ভোট গণনা হবে, সেটাও ভিডিও করতে পারবেন সাংবাদিকরা। এরচেয়ে বেশি স্বচ্ছতা কি হতে পারে। সাংবাদিক হিসেবে আপনারা সঠিক জিনিসটা প্রকাশ করেবেন। এতে নির্বাচন কর্মকর্তারা সচেতন ও সতর্ক হবে।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজার সভাপতিত্বে পুলিশ সুপার এএইচএম আবদুর রকীবসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

ডিজিটালাইজড ব্যবস্থা বিশ্বে সব কিছু সহজ করতে সহযোগীতা করছে- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, বর্তমান বিশ্ব সব কিছু সহজভাবে করতে সহযোগীতা করছে ডিজিটালাইজড ব্যবস্থা। বিশ্বে টেকনোলজিতে যে দেশ যত অগ্রসর সেই দেশ তত উন্নত। বাংলাদেশ ডিজিটাইলাইজেশনে অনেক উন্নত হয়েছে। ডিজিটাল ডিভাইস কম্পিউটার, ইন্টারনেট ব্যবহার করে অনেক কঠিন কাজকে আমরা সহজ করে ফেলেছি। কৃষি, শিক্ষা, গবেষণা, গৃহ কলকারখানা সব কিছুই এখন ডিজিটালাইজড হয়েছে। ডিজিটালাইজেশনের উপরে বর্তমান সরকার ব্যাপক কাজ করেছে। সরকারের বিভিন্ন দপ্তর তাদের ডিজিটালাইজড কর্মসূচি হাতে নিয়ে সেবা দিয়ে যাচ্ছে।

আজ শনিবার (১৯ নভেম্বর) সকালের দিকে ‘উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে ২ দিন ব্যাপি ডিজিটাল উদ্ভাবনী মেলা উপলক্ষে আয়োজিত র্যালী শেষে সাংবাদিকদের দেওয়া প্রেস ব্রিফিং এসব কথা বলেন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম, মেহেরপুর জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সাবেক এমপি মকবুল হোসেনসহ প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আরো বলেন, ডিজিটালাইজেশনের কারণে অনিয়ম এবং দূর্ণীতি ব্যাপকভাবে রোধ করা সম্ভব হয়েছে। দেশে এখন ই

টিটিসি’র অধ্যক্ষ আরিফ আহমেদ তালুকদার প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য মেহেরপুর জেলা প্রশাসন কর্রতৃক আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলায় বিভিন্ন সরকারি দপ্তরের ২৫ টি স্টল অংশ নিয়েছে। মেলা উপলক্ষে মালেশিয়াগামী ৬০০ জনকে রেজিস্ট্রেশন করা হয়েছে। রেজিস্ট্রেশনকৃত এই ৬০০ জনকে প্রশিক্ষণ ও দিক নির্দেশনা দেওয়া হয়েছে।

সকলকে মিতব্যয়ীতা অনুসরণ ও অনুশিলন করতে হবে – জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, সকলকেই মিতব্যয়ীতা অনুসরণ ও অনুশিলন করতে হবে। সকলে মিতব্যয়িতা অনুশীলন করলে এই সংকট কাটিয়ে ওঠা সম্ভব হবে।

বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে জেলা প্রশাসন ও বন বিভাগের আয়োজনে ৭দিন ব্যাপী বৃক্ষমেলা ও বৃক্ষরোপন অভিযানে উদ্বোধনকালে সাংবাদিকদের জবাবে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, রাশিয়া-ইউক্রেনের যুদ্ধের কারণে বৈশ্বিক সমস্যা তৈরী হয়েছে। এ সমস্যা আমাদের একার নয়। এই মূহূর্তে সারা বিশ্ব জ্বালানি সংকক সৃষ্টি হয়েছে। ইউরোপের গ্যাস এবং তেল বন্ধ হচ্ছে। ইউরোপের দেশগুলোতে জিনিসপত্রের দাম ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।

তিনি বলেন, প্রধান মন্ত্রীর নেতৃত্বে সবকিছু সমন্বয় করে আমরা এখন পর্যন্ত স্মার্টলি চলছি। আমরা বিপদে পড়তে চাইনা। আমাদের সরকার সতর্ক রয়েছে। আমরা মিতব্যয়িতা করতে চাচ্ছি। বিদ্যুৎ পানি ও প্রাকৃতিক সম্পদ আমাদের অপ্রতুল। তাই পরিস্থিতি মোকাবেলা করার জন্য আমাদের মিতব্যয়ি হতে হবে। এসব ব্যবহারের ক্ষেত্রে আমাদের সতর্ক হতে হবে। বিদ্যুৎ অপচয় থেকে দুরে থাকতে হবে, বিদ্যুৎ